দৈনিক
ইনকিলাব

তারিখ 01 JUN 2008
পৃষ্ঠা ১২ কলাম ...

*মেডিকেল ছাত্র জিহাদ হত্যা*

# ঢাবির ৭ ছাত্রের বিরুদ্ধে মামলা : তদন্ত কমিটি গঠন

স্টাফ রিপোর্টার

বাংলাদেশ মেডিকেল কলেজের ছাত্র এহতেশাম আল জিহাদের লাশ গতকাল তার গ্রামের বাড়ী নোয়াখালীতে নিয়ে গেছেন তার আত্মীয়স্বজনরা। জিহাদকে হত্যা করার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭ ছাত্র, ২ সিকিউরিটি কর্মকর্তাসহ ২০/২৫ জনকে আসামী করে শাহবাগ থানায় একটি মামলা দায়ের করেছে নিহতের পিতা আশরাফ হোসেন। মামলা নং ৬৭। অন্যদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক পৃঃ ৪২ কঃ ৪৭

## ঢাবির ৭ ছাত্রের বিরুদ্ধে

*১২-এর পৃষ্ঠার পর*

সোহরাব হোসেনকে আহ্বায়ক করে ১০ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। আগামী ৩ দিনের মধ্যে রিপোর্ট প্রদানের জন্য নির্দেশ দেয়া হয়েছে। নিহত জিহাদের পিতা আশরাফ হোসেন মামলার এজাহারে বলেছেন, এহতেশামকে ডেকে নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এস এম হলে রড দিয়ে ও লাঠি দিয়ে পিটিয়ে হত্যা করা হয়েছে। হত্যা মামলায় আসামী করা হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র হিমেল, রাসেল, সাজ্জাদ, মাসুদ রানাসহ ৭ জন ছাত্রকে। এছাড়া হলের নিরাপত্তা কর্মকর্তা কামরুল আহসান ও সাহেদুল বাহারকেও মামলায় আসামী করা হয়েছে।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এস এম হলের প্রভোস্ট প্রফেসর আক্কা ফিরোজ আহমেদ বলেছেন, হত্যাকাণ্ডের বিষয়টি নিয়ে আমরা সবার সঙ্গে কথা বলছি। তদন্ত কমিটি হয়েছে। আশা করছি সমাধান পেয়ে যাব।

নিহতের পিতা আশরাফ হোসেন বলেছেন, তার ছেলেকে ডেকে নিয়ে হত্যা করার পর এখন তার নামে নানা অপপ্রচার এবং বদনাম রটানো হচ্ছে।

প্রসঙ্গত, গত শুক্রবার এস এম হলে পিটিয়ে গুরুতর আহত করা হয় বাংলাদেশ মেডিকেল কলেজের ২২ ব্যাচের প্রথম বর্ষের ছাত্র এহতেশাম আল জিহাদকে। একটি সূত্র মতে, ওই দিন সে তার বন্ধু হিমেলের সাথে দেখা করতে এস এম হলে গিয়েছিল।